

## 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩৫০৫

৪৫/ দু'আসমূহ (ﷺ ১ইটানুস) পরিচ্ছেদঃ ৮২. (দু'আ ইউনুস)

باب

## আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يُوسُف، حَدَّثَنَا يُونُسُ بْنُ أَبِي إِسْحَاق، عَنْ إِبْرَاهِيمَ بْنِ مُحَمَّدِ بْنِ سَعْد، عَنْ أَبِيهِ، عَنْ سَعْد، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " دَعْوَةُ ذِي النُّونِ إِذْ دَعَا وَهُوَ فِي بَطْنِ الْحُوتِ لاَ إِلَهَ إِلاَّ أَنْتَ سُبْحَانَكَ إِنِّي كُنْتُ مِنَ الظَّالِمِينَ . فَإِنَّهُ لَمْ يَدْعُ بِهَا رَجُلٌ مُسْلِمٌ فِي شَيْءٍ قَطُّ إِلاَّ اسْتَجَابَ اللَّهُ لَهُ " . قَالَ مُحَمَّدُ بْنُ يُوسُفَ مَرَّةً عَنْ إِبْرَاهِيمَ بْنِ مُحَمَّد بْنِ سَعْد، عَنْ سَعْد، . قَالَ أَبُو عِيسَى وَقَدْ رَوَى غَيْرُ، وَاحِد، هَذَا الْحَديثَ عَنْ يُونُسَ بْنِ أَبِي إِسْحَاق، عَنْ إِبْرَاهِيمَ بْنِ مُحَمَّد بْنِ سَعْد، . وَرَوَى بَعْضَهُمْ، عَنْ يُونُسَ بْنِ أَبِي إِسْحَاق، فَقَالُوا عَنْ إِبْرَاهِيمَ بْنِ مُحَمَّد بْنِ سَعْد، عَنْ أَبِيهِ، . وَرَوَى بَعْضَهُمْ، عَنْ يُونُسَ بْنِ أَبِي إِسْحَاق، فَقَالُوا عَنْ إِبْرَاهِيمَ بْنِ مُحَمَّد بْنِ سَعْد، عَنْ أَبِيهِ، . وَرَوَى بَعْضَهُمْ، عَنْ يُونُسَ بْنِ أَبِي إِسْحَاق، فَقَالُوا عَنْ إِبْرَاهِيمَ بْنِ مُحَمَّد بْنِ سَعْد، عَنْ أَبِيهِ، وَرُوَى بَعْضَهُمْ، عَنْ يُونُسَ بْنِ أَبِي إِسْحَاق، فَقَالُوا عَنْ إِبْرَاهِيمَ بْنِ مُحَمَّد بْنِ سَعْد، عَنْ أَبِيهِ، وَرُوَى بَعْضَهُمْ، وَكَانَ، يُونُسُ بْنِ أَبِي إِسْحَاقَ رُبَّمَا ذَكَرَ فِي هَذَا الْحَدِيثِ عَنْ أَبِيهِ، وَرُبَّمَا، لَمْ يَذْكُرُه .

## বাংলা

৩৫০৫। সা'দ ইবনু আবী ওয়াক্কাস (রাযিঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুক্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আল্লাহ তা'আলার নবী যুন-নূন ইউনুস (আঃ) মাছের পেটে থাকাকালে যে দু'আ করেছিলেন তা হলঃ "তুমি ব্যতীত কোন মা'বূদ নেই, তুমি অতি পবিত্র। আমি নিশ্চয় যালিমদের দলভুক্ত"- (সূরা আম্বিয়া ৮৭)। যে কোন মুসলিম লোক কোন বিষয়ে কখনো এ দু'আ করলে অবশ্যই আল্লাহ তা'আলা তার দু'আ কবুল করেন।

সহীহঃ আল-কালিমুত তাইয়্যিব (হাঃ ১২২/৭৯), তা'লীকুর রাগীব (২/২৭৫, ৩/৪৩), মিশকাত তাহকীক সানী (হাঃ ২২৯২)।

মুহাম্মাদ ইবনু ইয়াহইয়া বলেন, মুহাম্মাদ ইবনু ইউসুফ কখনো বলেন, ইবরাহীম ইবনু মুহাম্মাদ ইবনু সা'দ (রাযিঃ) হতে। এ হাদীস একাধিক বর্ণনাকারী ইউনুস ইবনু আবী ইসহাক হতে, তিনি ইবরাহীম ইবনু মুহাম্মাদ ইবনু সা'দ



(রাযিঃ) হতে তিনি সা'দ হতে এই সনদে রিওয়ায়াত করেছেন এবং তাতে "আন আবীহি" (তার বাবা হতে) উল্লেখ করেননি।

কতিপয় বর্ণনাকারী, যেমন আবূ আহমাদ আয-যুবাইরী-ইউনুস ইবনু আবী ইসহাক হতে তারপর তারা প্রত্যেকে-ইবরাহীম ইবনু মুহাম্মাদ ইবনু সা'দ হতে তার বাবা সা'দ (রাযিঃ)-এর সনদে মুহাম্মাদ ইবনু ইউসুফের বর্ণনার মতই উল্লেখ করেছেন। ইউনুস ইবনু আবী ইসহাক কখনো কখনো এ হাদীসটির সনদে "আন আবীহি" উল্লেখ করতেন। আবার কখনো তা উল্লেখ করেননি।

## **English**

Ibrahim bin Muhammad bin Sa`d narrated from his father, from Sa`d that the Messenger of Allah (ﷺ) said:

"The supplication of Dhun-Nun (Prophet Yunus) when he supplicated, while in the belly of the whale was: 'There is none worthy of worship except You, Glory to You, Indeed, I have been of the transgressors. (Lā ilāha illā anta subḥānaka innī kuntu minaẓ-ẓālimīn)' So indeed, no Muslim man supplicates with it for anything, ever, except Allah responds to him."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ সা'দ বিন আবৃ ওয়াক্কাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন